# সহীহ শামায়েলে তিরমিযী

হাদিস নাম্বারঃ ৮২

১৫. রাসূলুল্লাহ (ﷺ) এর যুদ্ধের পোশাকের বিবরণ (باب ما جاء في صفة درع رسول الله ﷺ)

আরবী

حَدَّثَنَا أَبُو سَعِيدٍ عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ الأَشَجُّ ، قَالَ : حَدَّثَنَا يُونُسُ بْنُ بُكَيْرٍ ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ ، عَنْ يَحْيَى بْنِ عَبَّادِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ ، عَنْ أَبِيهِ ، عَنْ جَدِّهِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ ، عَنِ الزُّبَيْرِ بْنِ الْعَوَّامِ ، قَالَ : " كَانَ عَلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ أُحُدٍ دِرْعَانِ ، فَنَهَضَ إِلَى الصَّخْرَةِ فَلَمْ يَسْتَطِعْ ، فَأَقْعَدَ طَلْحَةَ تَحْتَهُ ، وَصَعِدَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حَتَّى اسْتَوَى عَلَى الصَّخْرَةِ ، قَالَ : سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ , يَقُولُ : أَوْجَبَ طَلْحَةُ " .

বাংলা

রাসূলুল্লাহ এর যুগে যুদ্ধের পোশাক বলতে লৌহবর্মকেই বুঝানো হতো। লৌহবর্ম হচ্ছে, এক ধরনের লোহার জামা, যা তরবারির ও তীরের আঘাত থেকে বাঁচার জন্য যুদ্ধক্ষেত্রে ব্যবহার করা হতো। বর্তমানে এগুলো অনেক যাদুঘরেই সচরাচর দেখতে পাওয়া যায়।

---

৮২. যুবায়ের ইবনে আওয়াম (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, উহুদ যুদ্ধের দিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দুটি লৌহবর্ম পরিহিত ছিলেন। তিনি পর্বত শৃঙ্গে উঠতে চাইলেন কিন্তু (মারাত্মক জখম হওয়ায়) তা পারলেন না। তাই তিনি তালহা (রাঃ) এর উপর ভর করে পর্বত শৃঙ্গে উঠলেন। বর্ণনাকারী বলেন, এ সময় আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, তালহা (আমার শাফায়াত অথবা জান্নাত) ওয়াজিব করে নিল।[1]

## English

Hazrat Zubair bin Al-Awwaam radiyallahu anhu relates that the Prophet of Allah sallallahu alaihe wasallam wore two suits of armour on his auspicious body in the Battle of Uhud (Dhaatul Fadl and Fiddah). The Prophet of Allah sallallahu alaihe wasallam intended climbing a hill but (since it was huge and

due to the heavy weight of the two armours and the difficulties he confronted causing his auspicious face to bleed, as a result) he could not do so. He therefore requested Talhah radiyallahu anhu to sit and, with his aid, climbed the hill. Zubair radiyallahu anhu said, "I heard the Prophet of Allah sallallahu alaihe wasallam say, "It has become wajib (Jannah or the intercession of the Prophet of Allah sallallahu alaihe wasallam) for Talhah."

### ফুটনোট

[1] সহীহ ইবনে হিব্বান, হা/৬৯৭৯; মুসনাদুল বাযযার, হা/৩৭২; মুস্তাদরাকে হাকেম, হা/৫৬০২; সিলসিলা সহীহাহ, হা/৯৪৫; মিশকাত, হা/৬১১২।

### ব্যাখ্যা

তালহা (রাঃ) এর উহুদ যুদ্ধে অসাধারণ আত্মত্যাগে সন্তুষ্ট হয়ে রাসূলুল্লাহ (সাঃ) বলেন, তালহা এমন কাজ করল, যার দ্বারা তাঁর জন্য জান্নাত ওয়াজিব হয়ে গেল। সে কাজটি ছিল এই যে, তিনি রাসূলুল্লাহ (সাঃ) কে পাথরে উঠতে সহায়তা করে ছত্রভঙ্গ মুসলিমদেরকে একত্র করার সুযোগ করে দিলেন। তাছাড়া তিনি রাসূলুল্লাহ (সাঃ)-কে শত্রুদের আঘাত থেকে রক্ষা করতে গিয়ে শত্রুর তীরের আঘাতে জর্জরিত হন। তাঁর শরীরে আশিটিরও বেশি আঘাতের চিহ্ন ছিল। তাঁর একটি হাতও অবশ হয়ে যায়।

---

The situation of the war in the Battle of Uhud was very serious. Some people began to fear that the Prophet of Allah sallallahu alaihe wasallam had passed away. The reason for the Prophet of Allah sallallahu alaihe wasallam climbing this hill was that the Sahabah radiyallahu anhum could see him (being alive) and be reassured. Some of the learned say he climbed the hill to survey the enemy. Hazrat Talhah radiyallahu anhu very bravely accompanied and protected the Prophet of Allah sallallahu alaihe wasallam on this day. Whenever the Sahabah radiyallahu anhum discussed the Battle of Uhud, they would say that, that day belonged to Hazrat Talhah radiyallahu anhu. Hazrat Talhah radiyallahu anhu shielded the Prophet of Allah sallallahu alaihe wasallam with his body. He received more than eighty wounds on his body and yet he did not leave the side of the Prophet of Allah sallallahu alaihe wasallam, even though his hand became paralysed.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইমাম পাবলিকেশন্স লিমিটেড

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=48996

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন